সমকাল

প্রকাশ : ২৩ ফেব্রুয়ারি, ২০১৬ ০১:৫৩:০৩

# পোশাক খাতের করপোরেট কর কমছে :বাণিজ্যমন্ত্রী

সমকাল প্রতিবেদক

পোশাক খাতের করপোরেট কর কমানো হচ্ছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। ৩৫ শতাংশ থেকে এ হার ১০ শতাংশে নামিয়ে আনার নীতিগত সিদ্ধান্ত হয়েছে। শিগগিরই এ সিদ্ধান্ত ঘোষণা করা হবে। বিলুপ্ত ছিটমহলের ২৯ নাগরিককে পোশাক খাতে চাকরির নিয়োগপত্র প্রদান অনুষ্ঠানে এসব কথা বলেছেন তিনি। গতকাল রাজধানীর পান্থপথে বিজিএমইএ কার্যালয়ে সংগঠনের পক্ষ থেকে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। বর্তমানে পোশাক খাতে মুনাফার ওপর ৩৫ শতাংশ হারে করপোরেট কর ধার্য রয়েছে। ২০১৪ সালের জুন পর্যন্ত এ হার ছিল ১০ শতাংশ। আন্তর্জাতিক বাজারে পোশাকের অব্যাহত দর পতনের পরিপ্রেক্ষিতে আগের ১০ শতাংশ হারের মেয়াদ আরও অন্তত ৫ বছর বাড়ানোর দাবি জানিয়ে আসছেন এ খাতের রফতানিকারক উদ্যোক্তারা। সম্প্রতি অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিতের সঙ্গে দেখা করে এ বিষয়ে ছাড় চেয়েছেন তারা। কর কমানো হবে বলে তখন অর্থমন্ত্রী উদ্যোক্তাদের আশ্বস্ত করেছেন। তবে কবে নাগাদ এবং কত হারে কর কমানো হবে, সে বিষয়ে সুস্পষ্ট কিছু বলেননি তিনি। বিজিএমইএ সভাপতি সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে বিলুপ্ত ছিটমহলের ২৯ নাগরিককে বিভিন্ন পোশাক কারখানায় চাকরির নিয়োগপত্র, প্রশিক্ষণ সনদ ও বৃত্তির অর্থ তুলে দেওয়া হয়। এশীয় উন্নয়ন ব্যাংকের (এডিবি) আর্থিক সহযোগিতায় সরকারের দক্ষতা উন্নয়ন প্রকল্পের (এসইআইপি) অধীনে তাদের পোশাক কারখানার মধ্যম পর্যায়ের ব্যবস্থাপক পদের জন্য প্রশিক্ষণ দেওয়া হয়। এ প্রকল্পের মাধ্যমে ৪৩ হাজার আটশ' প্রশিক্ষিত কর্মী বাহিনী গড়ে তোলা হবে বলে জানা গেছে। বাণিজ্যমন্ত্রী আরও বলেন, রাজনৈতিক স্থিতিশীলতা থাকলে একটি দেশ যে কীভাবে অর্থনৈতিক উন্নয়নের পথে এগিয়ে যায়, তার প্রকৃষ্ট উদাহরণ হচ্ছে বাংলাদেশ। গত বছরের এপ্রিলের পর থেকে দেশের রাজনৈতিক স্থিতিশীলতায় ব্যবসা-বাণিজ্য স্বাভাবিক নিয়মে চলছে। আন্তর্জাতিক বাজার থেকে সুবিধা আদায় করে দিতে সরকারও কাজ করছে। ফলে এ বছরের রফতানি আয়ের লক্ষ্যমাত্রা ছাড়িয়ে যাবে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। তবে প্রধান রফতানি বাজার যুক্তরাষ্ট্রের সমালোচনা করে বাণিজ্যমন্ত্রী বলেন, দেশটি কোনো সুবিধা দেয় না। এক সময় অগ্রাধিকারমূলক বাজার সুবিধা (জিএসপি) দিত, তাও বন্ধ করে দিয়েছে। এখন বাংলাদেশের পণ্যে সবচেয়ে বেশি হারে শুল্ক আদায় করে যুক্তরাষ্ট্র। তার পরও যুক্তরাষ্ট্রে রফতানি বাড়ছে। বিজিএমইএ সভাপতি বলেন, পোশাক খাতে বর্তমানে ২৫ শতাংশ দক্ষ শ্রমিকের অভাব রয়েছে। আর মাত্র চার বছরের মাথায় এ খাতে ৫০ বিলিয়ন ডলারের রফতানি লক্ষ্যমাত্রা অর্জনে অন্তত ৩০ লাখ দক্ষ শ্রমিকের প্রয়োজন রয়েছে। এ বিষয়ে ব্যবস্থা নেওয়া প্রয়োজন। বক্তব্যে পোশাক কারখানায় গ্যাস সংযোগ দেওয়ার অনুরোধ এবং সরকারের কাছে বিভিন্ন নীতি সহায়তা চান তিনি। সম্প্রতি অনুষ্ঠিত এসএ গেমসে দেশের পক্ষে স্বর্ণপদক জেতা মাবিয়া আক্তার এবং মাহফুজা খাতুনকে বিজিএমইএর পক্ষ থেকে সম্মাননা জানানো হয়। এ সময় তাদের হাতে পদক এবং প্রত্যেককে ১ লাখ টাকার চেক তুলে দেন বাণিজ্যমন্ত্রী। অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন যুব উন্নয়ন অধিদপ্তরের মহাপরিচালক আনোয়ারুল করিম, এসইআইপি প্রকল্পের নির্বাহী পরিচালক আবদুর রউফ তালুকদার, বিজিএমইএ সহ-সভাপতি মোহাম্মদ নাছির, বিজিএমইএর সাবেক সভাপতি মোস্তফা গোলাম কুদ্দুস, বর্তমান কমিটির সহ-সভাপতি ফারুক হাসান, মাহমুদ হাসান খান বাবু, পরিচালক আশিকুর রহমান তুহিন প্রমুখ।

Print

ফোন : ৮৮৭০১৭৯-৮৫ ৮৮৭০১৯৫

ফ্যাক্স : ৮৮৭০১৯১ ৮৮৭৭০১৯৬

সম্পাদক : গোলাম সারওয়ার

বিজ্ঞাপন : ৮৮৭০১৯০

প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা ঢাকা - ১২০৮